জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১৬(০১) জাতী: বি:/স্কিল বেইজ্‌ড পিজিডি/২০২৫-২০২৬/৫৩২০ তারিখ: ০৮.০৪.২০২৫

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্কিল-বেইজ্‌ড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) প্রোগ্রাম (৪র্থ ব্যাচ)

ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admisssions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ০১ বছর (দুই সেমিস্টার) মেয়াদি স্কিল-বেইজ্‌ড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) প্রোগ্রামে (৪র্থ ব্যাচ) নিম্নবর্ণিত বিষয়সমূহে ভর্তির জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম ১৫/০৪/২০২৫ থেকে ২৪/০৫/২০২৫ তারিখ রাত ১২:০০টার মধ্যে পূরণ করতে হবে। প্রাথমিক আবেদন ফরম পূরণ করার পর জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে আবেদন ফি বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ২৭ মে ২০২৫ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

গ্রুপ ভিত্তিক স্কিল-বেইজ্‌ড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) প্রোগ্রামে ভর্তির বিষয়সমূহ

গ্রুপ	বিষয়
বিজনেস স্টাডিজ	সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, ডিজিটাল মার্কেটিং, আইসিটি ইন অ্যাকাউন্টিং অ্যান্ড বিজনেস, ট্যুরিজম অ্যান্ড ট্রাভেল ম্যানেজমেন্ট, ইসলামিক ব্যাংকিং এন্ড ফাইন্যান্স, সোশ্যাল বিজনেস
আর্টস	ল্যাংগুয়েজ (ইংরেজি), ল্যাংগুয়েজ (আরবি)
সোশ্যাল সায়েন্স	সাইবার সিকিউরিটি, লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স
ন্যাচারাল সায়েন্স	ডাটা অ্যানালাইটিক্স, ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি)

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলি

ক. জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে-কোনো বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্তানুযায়ী যোগ্য বিবেচিত হলে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (৪র্থ ব্যাচ) স্কিল-বেইজ্‌ড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

খ. জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত অন্য যে-কোনো বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোনো শিক্ষা কার্যক্রমে বর্তমানে (একই সেশনে) অধ্যয়নরত কোনো প্রার্থী এ প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। উক্ত শর্তের ব্যত্যয় করে কোনো প্রার্থী এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হলে তার ভর্তি বাতিলের অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।

গ. আবেদন ফরমে আবেদনকারীর কোনো তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ প্রমাণিত হলে তাঁর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড

ক. আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Master's Tab** থেকে **Apply Now (Skill-based PGD Program)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য ও জন্ম তারিখ **নির্ভুলভাবে** এন্ট্রি দিতে হবে। **এছাড়াও প্রার্থীর এসএসসি, এইচএসসি ও স্নাতক পরীক্ষার মার্কশিটের সত্যায়িত কপি স্ক্যান করে আপলোড করতে হবে।**

খ. ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি **স্ক্যান** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120 x 150 pixels, Image Type: jpg** এবং **maximum file size: 50Kb.** আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোনো ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে প্রার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে

গ. কোনো প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** সিলেক্ট করে **(Skill-based PGD Program) Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবেন। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবেন। আবেদনকারী এ সুযোগ কেবল

CS CamScanner

একবারই পাবেন। তবে কোনো প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন (**gateway**) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি জমা দেওয়ার পর ফরম বাতিল করতে পারবেন না।

ঘ. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip** অপশন থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (**Gateway**) এর মাধ্যমে অথবা সোনালী সেবার পে-স্লিপ **Print** করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে-কোনো শাখায় প্রাথমিক আবেদন ফি জমা দিতে হবে।

ঙ. প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি/তথ্য ভুল অথবা অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৩। পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড

ক. পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (**gateway**)-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দেওয়ার পর প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে **SMS**-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য প্রেরণ করা হবে। এ পর্যায়ে আবেদনকারী তার রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login (Skill-based PGD Program)** অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবেন।

খ. প্রাথমিক আবেদন ফরম ব্যতীত কোনো আবেদনকারীকে ভর্তি পরীক্ষা (মৌখিক)-এ অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

গ. **প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার ক্ষেত্রে নিচের নির্দেশনা অনুসরণ করতে হবে**

প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করতে নিচের নির্দেশনাটি অনুসরণ করুন :

[অনলাইনে আবেদন করুন]➔ [পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন অথবা অনলাইন গেটওয়ে ব্যবহার করুন]➔[পে-স্লিপটি সোনালী ব্যাংকের যে-কোনো শাখায় জমা দিন]

*পে-স্লিপ অথবা অনলাইন গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধের পর আবেদনকারীকে তা ফিরতি এসএমএস মাধ্যমে জানিয়ে দেওয়া হবে এবং পরবর্তীকালে আবেদনকারীকে **Applicant Login (Skill-based PGD Program)** অপশন থেকে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।*

৪। মেধাক্রম নির্ধারণে নম্বর বণ্টন পদ্ধতি

ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের **এসএসসি, এইচএসসি, স্নাতক/সমমান** পরীক্ষার ফলাফল এবং ভর্তি পরীক্ষা (মৌখিক)-এর ভিত্তিতে মেধাতালিকা নির্ধারণ করা হবে।

নম্বর বন্টন

ফলাফলের ভিত্তিতে নম্বর বন্টণ			ভর্তি পরীক্ষা (মৌখিক)	মোট নম্বর
এসএসসি	এইচএসসি	স্নাতক/সমমান		
১০	১০	২০	১০	৫০

৫। প্রাথমিক আবেদন ও ভর্তির সময়সূচি

ক.	ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	০৮/০৪/২০২৫
খ.	অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ	১৫/০৪/২০২৫ থেকে ২৪/০৫/২০২৫
গ.	সোনালী সেবার মাধ্যমে ফি জমাদান আবেদনকারী প্রতি ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে আবেদন ফি জমা দিতে হবে। *(Pay Slip-এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- ০২১৮১১০০০০২৭০১ উল্লেখপূর্বক টাকার অঙ্ক লেখা থাকবে।)*	১৬/০৪/২০২৫ থেকে ২৭/০৫/২০২৫
ঘ.	মৌখিক পরীক্ষার তারিখ *স্থান: একাডেমিক ভবন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪* *[মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারী শিক্ষার্থীগণ ঢাকা থেকে নির্ধারিত রুটে বিশ্ববিদ্যালয়ের পরিবহণ ব্যবহার করতে পারবেন]*	৩০/০৫/২০২৫ থেকে ৩১/০৫/২০২৫ (সময়: সকাল ৯.৩০ টা)
ঙ.	ভর্তির জন্য মেধা তালিকা প্রকাশ	০৩/০৬/২০২৫
চ.	পে স্লিপ ডাউনলোড ও ভর্তির তারিখ	০৫/০৬/২০২৫ থেকে ২৫/০৬/২০২৫
ছ.	ক্লাস শুরুর তারিখ *[একাডেমিক ভবন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪]*	০৪/০৭/২০২৫

৬। পিজিডি প্রোগ্রামের ফি

ক.	প্রাথমিক আবেদন ফি	৫০০.০০
খ.	**ভর্তি ও টিউশন ফি** স্কিল-বেইজ্‌ড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) প্রোগ্রামের কোর্স ফি দুইটি সমান কিস্তিতে গ্রহণ করা হবে। প্রথম কিস্তির ১৭,৫০০.০০ (সতের হাজার পাঁচশত) টাকা ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের **অনলাইন গেটওয়ে (Gateway) ব্যবহার করে অথবা পে-স্লিপ ডাউনলোড করে** জমা দিতে হবে এবং পরবর্তী	৩৫,০০০.০০

CS CamScanner

	কিস্তি ১ম সেমিস্টার চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণের সময় পরিশোধ করতে হবে।	

- স্কিল-বেইজড পিজিডি প্রোগ্রামের একোডেমিক সকল কার্যক্রম গাজিপুরস্থ বিশ্ববিদ্যারয়ের মূল ক্যাম্পাস থেকে পরিচালিত হবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুন : ০১৬৮৪-২০৫৫৯১, ০১৭১২-৫৯১৮০৭।
- এই ভর্তি কার্যক্রমের যে-কোনো নিয়মাবলি/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন অথবা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৮.০৪.২০২৫

(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

স্মারক নং: ১৬(০১) জাতী: বি:/স্কিল বেইজ্ড পিজিডি/২০২৫-২০২৬/৫৩২০ তারিখ: ০৮.০৪.২০২৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৪. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয় *[বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ এবং অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।*
৭. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। *[বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]*
৮. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. পরিচালক, তথ্য ও সেবা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সচিব ও পরিচালক, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. উপ-রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৪. অফিস কপি / নোটিশ বোর্ড

স্বা/-
সহকারী রেজিস্ট্রার (স্কিল-বেইজ্ড পিজিডি)
জাতীয় বিশ্ববিদ্যালয়

CS CamScanner